



AALO

Imparting knowledge, empowering lives...

Regd. No. : 06231 of 2011, Serial No.: 09529 of 2011, Govt. of West Bengal

প্রিয় সাথী,

গত চৌদ্দ বছর ধরে আলো শিক্ষার প্রসারে গভীর দায়বদ্ধতা পালন করে আসছে। ২০২০ সালে করোনার সময় থেকে ছাত্রছাত্রীদের সঙ্গে সঙ্গে সমাজের পিছিয়ে থাকা মানুষদের সেবায় নিয়োজিত থেকেছে সাধ্যমত। গত চার বছর ধরে দেবী দুর্গার আগমনের প্রাক্কালে চিন্ময়ী মা এবং কচিকাঁচাদের মুখে হাসি ফোটাতে আলো ছুটে বেড়ায় পশ্চিমবঙ্গের প্রত্যন্ত এলাকায়। এবারে আলোক রশ্মি প্রতিভাত হবে পশ্চিমবঙ্গ উড়িষ্যা সীমান্তবর্তী অন্যতম পিছিয়ে থাকা ঝাড়গ্রাম জেলার নয়গ্রাম ব্লকে। আগামী ২রা অক্টোবর, ২০২৪, দেবীপক্ষের সূচনায় স্থানীয় ৩৫০ জনজাতিভুক্ত ছাত্রছাত্রী ও ১৫০ মায়েদের বস্ত্রাঞ্জলী প্রদান এবং মধ্যাহ্ন ভোজের আয়োজন করা হবে। বিগত বছরের মত এবারেও আপনার সাহায্য ও সহযোগিতা প্রার্থনা করছি। বস্ত্রাঞ্জলির জন্য মাথাপিছু খরচ ধরা হয়েছে ৩০০ টাকা (তিনশো টাকা) এবং মধ্যাহ্ন ভোজের জন্য ১০০ টাকা (একশো টাকা)। আপনি এক বা একাধিক মানবরূপী দেবশিশুদের সঙ্গে নতুন রঙিন বস্ত্রের সঙ্গে অঞ্জলি প্রদান করতে পারেন।

আর্থিক সাহায্য সরাসরি পাঠাতে পারেন AALO—র Punjab National Bank Jadavpur Vidyapith শাখার Account Number 1517050000392, IFSC PUNB0151720 অথবা State Bank of India Jadavpur University শাখার Account number: 41744201060, IFSC CODE: SBIN0000093. আলো'তে প্রদত্ত আপনার অনুদান আয়কর আইনের 80G ধারায় আয়কর মুক্ত।

চিন্ময়ীকে মূন্ময়ী রূপে প্রতিষ্ঠিত করতে আলো উদ্যোগে বস্ত্রাঞ্জলির সারথী হতে এগিয়ে আসুন। আগামী দিনগুলি মঙ্গলময় হোক, ঈশ্বরের নিকট প্রার্থনা করি।

প্রণামান্তে

বুবাই বাগ (আলো পরিবারের পক্ষ থেকে), ১১/০৯/২০২৪

Website: www.aalo.org.in
@: aalo.rkmrcn@gmail.com